

## 💵 রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের] গৃহে একদিন

বিভাগ/অধ্যায়ঃ বিষয়সূচী এবং বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কারা

অনেক পুরুষ ও নারী ক্রন্দন করে থাকে! কিন্তু কিভাবে কাঁদতে হয় ও কার জন্য কাঁদতে হয়?! নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম চাইলে তো এ ধরার সব কিছু তার হাতের মুঠোয় হতো, তবু তিনি কাঁদতেন, জান্নাত তো তাঁর সামনেই এবং সেথায় তাঁর জন্য সর্বোচ্চ স্থান! হাঁ, ভাই এরপরেও নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম কাঁদতেন। কিন্তু সে কান্না ছিল একজন আবেদের কান্না। নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম নামাযে তাঁর প্রভুর সাথে কথোপকথনের সময় ও কুরআন তেলাওয়াত শ্রবণের সময় কাঁদতেন! তাঁর কান্নার কারণ কি ছিল? তা তো ছিল শুধু তাঁর নরম হৃদয় ও আত্মার পরিশুদ্ধির জন্য এবং আল্লাহর মহত্ব সম্পর্কে গভীর জ্ঞান ও তাঁর প্রতি ভীতি থাকার করণে আল্লাহর শান ও তাঁর ভয়েই কাঁদতেন।

আবু আব্দুল্লাহ মুতরাফ বিন আশ শিখখীর তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন:

«أتيت رسول الله \_ صلى الله عليه وسلم \_ وهو يصلى ولجوفه أزيز كأزيز المرجل من البكاء».

আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট গোলাম, সে সময় তিনি নামায়ে রত ছিলেন, পাতিলে পানি গরম করলে যে শব্দ হয় তাঁর ভিতর থেকে সেরকম কান্নার আওয়াজ আসছিল।[1 আব্দুল্লাহ বিন মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেন.

«قال لي رسول الله \_ صلى الله عليه وسلم \_: «اقرأ علي» فقلت: يا رسول الله أقرأ عليك وعليك أنزل؟ قال: «إني أحب أن أسمعه من غيري» فقرأت سورة النساء حتى بلغت ( وَجِئْنَا بِكَ عَلَى هَوُّلَاءِ شَهِيدًا ) قال: «فرأيت عيني رسول الله تهملان».

একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন: তুমি আমাকে কুরআন পড়ে শুনাও, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আপনার উপর কুরআন অবতীর্ণ হয়েছে আর আমি আপনাকে তা পড়ে শোনাব? তিনি বলেন: আমি অন্যের মুখে শুনতে পছন্দ করি। আমি সূরা নিসা পাঠ করতে করতে যখন "وجئنا بك على هؤلاء شهيدا" "আর আমি তোমাকে তাদের বিরুদ্ধে সাক্ষী স্বরূপ উপস্থিত করব।[সূরা নিসা: ৪১]" আয়াতে পৌঁছলাম, তখন দেখি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দুই নয়ন বয়ে অশ্রু প্রবাহিত হচ্ছে।[2]

বরং আপনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মাথার মধ্য ভাগের কতিপয় পেকে যাওয়া চুল এবং তার দাড়ির দিকে লক্ষ করলে দেখবেন যে, প্রায় ১৮টি দাড়ি পেকে সাদা হয়েছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ঐ সমস্ত চুল সাদা হওয়ার কারণ তাঁর পবিত্র মুখ থেকে শুনার জন্য হৃদয়টি নিবন্ধ করুন: আবু বকর রাদিয়াল্লাহু আনহু একদা বললেন:

يا رسول الله قد شبت! قال \_ صلى الله عليه وسلم \_: «شيبتني هود والواقعة والمرسلات، وعم يتساءلون،



وإذا الشمس كورت.

হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আপনি তো বৃদ্ধ হয়ে গেছেন! তিনি বলেন: সূরা হুদ, সূরা ওয়াকিয়াহ, সূরা মুরসালাত, সূরা নাবা ও সূরা কুব্বিরাতের ভয়াবহতায় আমাকে বৃদ্ধ বানিয়ে দিয়েছে।[3]

## ফুটনোট

- [1] আবু দাউদ, হাদিস: ৯০৪
- [2] বুখারী, হাদিস: ৫০৫৬
- [3] তিরমিযী, হাদিস: ৩২৯৭

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8386

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন